অনার্স প্রথম বর্ষ -২০১৬
বাংলাদেশ এবং বাঙালির ইতিহাস সাংস্কৃতি

১. 'বর্গী' নামে পরিচিত কারা?
উত্তর: মারাঠারা 'বর্গী' নামে পরিচিত।

২. 'আর্য' শব্দটির আক্ষরিক অর্থ কী?
উত্তর: 'আর্য' শব্দের আক্ষরিক অর্থ সদবংশজাত ব্যক্তি।

৩. কখন ছিয়াত্তরের মন্বন্তর হয়েছিল?
উত্তর: ছিয়াত্তরের মন্বন্তর হয়েছিল ১১৭৬ সালে (ইংরেজিতে ১৭৭০ সাল)।

৪. বাংলার প্রথম মুখ্যমন্ত্রীর নাম কী?
উত্তর: বাংলার প্রথম মুখ্যমন্ত্রীর নাম এ. কে. ফজলুল হক।

৫. পোড়ামাটির তৈরি শিল্পকর্মকে কী বলা হয়?
উত্তর: পোড়ামাটির তৈরি শিল্পকর্মকে মৃৎশিল্প বলা হয়।

৬. স্বাধীন বাংলাদেশের পতাকা কত তারিখে, কোথায় উত্তোলন করা হয়?
উত্তর: বাংলাদেশের পতাকা ২রা মার্চ, ১৯৭১ সালে ঢাকা বিশ্ববিদ্যালয়ের কলা ভবনের সামনে স্বাধীনভাবে উত্তোলন করা হয়।

৭. গম্ভীরা কোন অঞ্চলের গান?
উত্তর: গম্ভীরা রাজশাহী অঞ্চলের গান।

৮. বাঙালির আদি নৃগোষ্ঠীর নাম কী?
উত্তর: বাঙালির আদি নৃগোষ্ঠীর নাম অস্ট্রিক।

৯. ব্রাহ্মধর্মের প্রবর্তক কে?
উত্তর: ব্রাহ্মধর্মের প্রবর্তক রাজা রামমোহন রায়।

১০. 'আয়ুধ' কী?
উত্তর: প্রস্তর যুগের নিদর্শনস্বরূপ পাথরের তৈরি হাতিয়ারকে আয়ুধ বলে।

১১. 'টোটেম' অনুষ্ঠান কী?
উত্তর: পশু শিকার করার পর যে অনুষ্ঠান করা হয় তাই টোটেম অনুষ্ঠান।

১২. বড় সোনা মসজিদের নির্মাতা কে?
উত্তর: বড় সোনা মসজিদের নির্মাতা হোসেন শাহের পুত্র নুসরাৎ শাহ।
সাল

অনার্স প্রথম বর্ষ -২০১৭
বাংলাদেশ এবং বাঙালির ইতিহাস সাংস্কৃতি

১. ক. ফা-হিয়েন কে ছিলেন?
উত্তর: ফা-হিয়েন ছিলেন একজন চীনা পরিব্রাজক।

২. 'অর্থশাস্ত্র' গ্রন্থের রচয়িতা কে?
উত্তর: 'অর্থশাস্ত্র' গ্রন্থের রচয়িতা কৌটিল্য বা চাণক্য।

৩. আর্যদের আদি অবস্থান কোথায় ছিল?
উত্তর: আর্যদের আদি অবস্থান ছিল ইউরোপের দক্ষিণ-পূর্বাংশে।

৪. সমতটের রাজধানী কোথায় ছিল?
উত্তর: সমতটের রাজধানী ছিল বড়কামতা।

৫. 'বাংলা' শব্দের উৎপত্তি কীভাবে?
উত্তর: 'বাংলা' শব্দের উৎপত্তি 'বঙ্গাল' (বঙ্গ + আল) থেকে।

৬. কোন অঞ্চলের নাম হরিকেল ছিল?
উত্তর: সিলেট ও পার্বত্য চট্টগ্রাম অঞ্চলের নাম ছিল হরিকেল।

৭. “আমরা হিন্দু বা মুসলিম যেমন সত্য, তার চেয়ে বেশি সত্য আমরা বাঙালি।” - উক্তিটি কার?
উত্তর: “আমরা হিন্দু বা মুসলিম যেমন সত্য, তার চেয়ে বেশি সত্য আমরা বাঙালি।” - উক্তিটি ড. মুহম্মদ শহীদুল্লাহর।

৮. সংস্কৃতি কী?
উত্তর: সংস্কৃতি হলো মানুষের বিশ্বাস, আচার-আচরণ ও জ্ঞানের একটি সমন্বিত সমষ্টি বা রূপ।

৯. 'শিখা' পত্রিকা কোন সংগঠনের মুখপত্র?
উত্তর: 'শিখা' পত্রিকা 'মুসলিম সাহিত্য সমাজ' এর মুখপত্র।

১০. দ্রাবিড় জাতি কখন এদেশে আসে?
উত্তর: দ্রাবিড় জাতি প্রায় ৫০০০ বছর পূর্বে এদেশে আসে।

১১. পরিবিবির আসল নাম কী?
উত্তর: পরিবিবির আসল নাম ইরান দুখত।

১২. ষাট গম্বুজ মসজিদ কোথায় অবস্থিত?
উত্তর: ষাট গম্বুজ মসজিদ বাগেরহাট জেলায় অবস্থিত।

অনার্স প্রথম বর্ষ -২০১৮
বাংলাদেশ এবং বাঙালির ইতিহাস সাংস্কৃতি

১. 'মাৎসন্যায়' শব্দের অর্থ কী?
উত্তর: 'মাৎসন্যায়' শব্দের অর্থ অরাজকতা।

২. সম্রাট আকবর কবে বাংলা বিজয় করেন?
উত্তর: সম্রাট আকবর ১৫৭৬ খ্রিস্টাব্দে বাংলা বিজয় করেন।

৩. প্রাচীনকাল 'বঙ্গ' জনপদটি বর্তমান কোন কোন অঞ্চল নিয়ে গড়ে উঠেছিল?
উত্তর: প্রাচীন 'বঙ্গ' নামক জনপদটি বর্তমান ঢাকা, ময়মনসিংহ ও ফরিদপুর অঞ্চল নিয়ে গড়ে উঠেছিল।

৪. কবি কালিদাস কোন যুগের কবি ছিলেন?
উত্তর: কবি কালিদাস গুপ্ত যুগের কবি ছিলেন।

৫. শিখা গোষ্ঠীর স্লোগান কী ছিল?
উত্তর: শিখা গোষ্ঠীর স্লোগান ছিল 'জ্ঞান যেখানে সীমাবদ্ধ, বুদ্ধি যেখানে আড়ষ্ট, মুক্তি সেখানে অসম্ভব'।

৬. গম্ভীরা কোন অঞ্চলের গান?
উত্তর: গম্ভীরা রাজশাহী অঞ্চলের গান।

৭. 'Terra cotta' কী?
উত্তর: 'Terra cotta' হলো পোড়ামাটির ফলক।

৮. আর্য কারা?
উত্তর: আর্য হলো প্রাচীন বা আদি ইন্দো-ইউরোপীয় ভাষার নাম। এ ভাষা যে জাতিগোষ্ঠী ব্যবহার করতো তারাই আর্য।

৯. লোকশিল্প জাদুঘর কোথায় অবস্থিত?
উত্তর: 'লোকশিল্প জাদুঘর' নারায়ণগঞ্জের সোনারগাঁয়ে অবস্থিত।

১০. সুফিবাদ কী?
উত্তর: সুফিবাদ হচ্ছে পরমাত্মার সাথে জীবাত্মার মিলনসাধনের দর্শন।

১১. পাঁচালি কাকে বলে?
উত্তর: আখ্যানকেন্দ্রিক পৌরাণিক কাব্য বা ছদ্মপৌরাণিক কাব্যসমূহ যে বিশিষ্ট রীতিতে পঠিত ও গীত হতো তাকে পাঁচালি বলে।

১২. পাল আমলে বাংলায় কোন সাহিত্যকর্ম রচিত হয়েছিল?
উত্তর: পাল আমলে বাংলায় কবি অভিনন্দ কর্তৃক 'রামচরিতম' মহাকাব্য ও সন্ধ্যাকর নন্দীর 'রামচরিত' কাব্য রচিত হয়েছিল।

অনার্স প্রথম বর্ষ -২০১৯
বাংলাদেশ এবং বাঙালির ইতিহাস সাংস্কৃতি

ক. কোন গ্রন্থে সর্বপ্রথম 'বঙ্গ' নামের উল্লেখ পাওয়া যায়?
উত্তর: 'বঙ্গ' নামের প্রথম উল্লেখ পাওয়া যায় 'ঐতরেয় আরণ্যক' গ্রন্থে।

২. সোনারগাঁও এর প্রাচীন নাম কী?
উত্তর: সোনারগাঁও এর প্রাচীন নাম সূবর্ণগ্রাম।

৩. 'আইন-ই-আকবরী' গ্রন্থের রচয়িতা কে?
উত্তর: 'আইন-ই-আকবরী' গ্রন্থের রচয়িতা আকবরের সভাসদ আবুল ফজল।

৪. জৈন ধর্মের প্রবর্তক কে?
উত্তর: জৈনধর্মের প্রবর্তক মহাবীর।

৫. কৌলীন্য প্রথা কোন সেন রাজার সময় প্রবর্তিত হয়?
উত্তর: কৌলীন্য প্রথা রাজা বল্লাল সেনের সময় চালু হয়।

৬. কখন ছিয়াত্তরের মন্বন্তর হয়েছিল?
উত্তর: ছিয়াত্তরের মন্বন্তর হয়েছিল ১১৭৬ বঙ্গাব্দে (ইংরেজিতে ১৭৭০ সাল)।

৭. সতীদাহ প্রথা বিলোপ করেন কে?
উত্তর: লর্ড বেন্টিঙ্ক ১৮২৯ সালে সতীদাহ প্রথা বিলোপ করেন।

৮. তিতুমীর কোথায় 'বাঁশের কেল্লা' নির্মাণ করেছিলেন?
উত্তর: তিতুমীর নারকেলবাড়িয়া নামক স্থানে বাঁশের কেল্লা নির্মাণ করেছিলেন।

৯. দিল্লির সিংহাসনে আরোহণকারী প্রথম মুসলিম নারী কে?
উত্তর: দিল্লির সিংহাসনে আরোহণকারী প্রথম মুসলিম নারী সুলতান রাজিয়া।

১০. ঐতিহাসিক লাহোর প্রস্তাব কে উত্থাপন করেন?
উত্তর: ঐতিহাসিক লাহোর প্রস্তাব উত্থাপন করেন শেরে বাংলা এ. কে. ফজলুল হক।

১১. ভাষা আন্দোলনের মুখপত্র ছিল কোন পত্রিকা?
উত্তর: ভাষা আন্দোলনের মুখপত্র ছিল 'সাপ্তাহিক সৈনিক' পত্রিকা।

১২. স্বাধীন বাংলাদেশের পতাকা প্রথম কত তারিখে, কোথায় উত্তোলন করা হয়?
উত্তর: স্বাধীন বাংলাদেশের পতাকা ২রা মার্চ, ১৯৭১ সালে ঢাকা বিশ্ববিদ্যালয়ের কলা ভবনের সামনে উত্তোলন করা হয়।

অনার্স প্রথম বর্ষ -২০২০
বাংলাদেশ এবং বাঙালির ইতিহাস সাংস্কৃতি

১. 'মাৎসন্যায়' শব্দের অর্থ কী?
উত্তর: 'মাৎসন্যায়' শব্দের অর্থ অরাজকতা।

২. কোন অঞ্চলের নাম 'হরিকেল' ছিল?
উত্তর: সিলেট ও পার্বত্য চট্টগ্রাম অঞ্চলের নাম ছিল হরিকেল।

৩. 'আর্য' শব্দটির আক্ষরিক অর্থ কী?
উত্তর: 'আর্য' শব্দটির আক্ষরিক অর্থ সদবংশজাত ব্যক্তি।

৪. 'ভুসুক' কে ছিলেন?
উত্তর: 'ভুসুক' চর্যাপদের বাঙালি কবি।

৫. কোন সম্রাটের আমলে এদেশে বৌদ্ধধর্মের প্রসার ঘটে?
উত্তর: সম্রাট অশোক  আমলে এদেশে বৌদ্ধধর্মের প্রসার ঘটে।

৬. 'শিখা' গোষ্ঠীর স্লোগান কী ছিল?
উত্তর: 'শিখা' গোষ্ঠীর স্লোগান ছিল 'জ্ঞান যেখানে সীমাবদ্ধ, বুদ্ধি যেখানে আড়ষ্ট, মুক্তি সেখানে অসম্ভব'।

৭. 'সুফিবাদ' কী?
উত্তর: সুফিবাদ হচ্ছে পরমাত্মার সাথে জীবাত্মার মিলন সাধনের দর্শন।

৮. “আমরা হিন্দু বা মুসলিম যেমন সত্য, তার চেয়ে বেশি সত্য আমরা বাঙালি।” - উক্তিটি কার?
উত্তর: উক্তিটি ড. মুহম্মদ শহীদুল্লাহর।

৯. 'টোটেম' অনুষ্ঠান কী?
উত্তর: পশু শিকার করার পর যে অনুষ্ঠান করা হয় তাই টোটেম অনুষ্ঠান।

১০. 'সোমপুর বিহার' কোথায় অবস্থিত?
উত্তর: 'সোমপুর বিহার' নওগাঁ জেলার পাহাড়পুরে অবস্থিত।

১১. ভারতের সর্বশেষ ব্রিটিশ গভর্নর কে ছিলেন?
উত্তর: ভারতের সর্বশেষ ব্রিটিশ গভর্নর ছিলেন ওয়ারেন হেস্টিংস।

১২. মুজিবনগর সরকার কত তারিখে শপথ গ্রহণ করে?
উত্তর: মুজিবনগর সরকার ১৯৭১ সালের ১৭ এপ্রিল শপথ গ্রহণ করে।

অনার্স প্রথম বর্ষ -২০২১
বাংলাদেশ এবং বাঙালির ইতিহাস সাংস্কৃতি

ক. সর্বপ্রথম 'বাংলা' শব্দের ব্যবহার হয় কোন গ্রন্থে?
উত্তর: সর্বপ্রথম 'বাংলা' শব্দের ব্যবহার হয় আবুল ফজলের 'আইন-ই-আকবরী' গ্রন্থে।

খ. বাংলার আদিম অধিবাসী কারা?
উত্তর: বাংলার আদিম অধিবাসী কোল, ভীল, সাঁওতাল, মুণ্ডা প্রভৃতি।

গ. পোড়ামাটির তৈরি শিল্পকর্মকে কী বলে?
উত্তর: পোড়ামাটির তৈরি শিল্পকর্মকে মৃৎশিল্প বলে।

ঘ. বস্তুগত সংস্কৃতি কী?
উত্তর: যে সংস্কৃতি মানুষের সৃষ্টি বস্তু বা পার্থিব দ্রব্য নির্দেশ করে তাই বস্তুগত সংস্কৃতি।

ঙ. বাংলার ভাস্কর্য শিল্পের বড় উপাদান কী?
উত্তর: বাংলার ভাস্কর্য শিল্পের বড় উপাদান মাটি।

চ. 'বৌরাণীর ভিটা' কোথায় অবস্থিত?
উত্তর: 'বৌরাণীর ভিটা' বগুড়াতে অবস্থিত।

ছ. কুতুব মিনার কে প্রতিষ্ঠা করেন?
উত্তর: কুতুব মিনার কুতুবউদ্দিন আইবেক প্রতিষ্ঠা করেন।

জ. দিল্লির সিংহাসনে আরোহণকারী প্রথম মুসলিম নারী কে?
উত্তর: দিল্লির সিংহাসনে আরোহণকারী প্রথম মুসলিম নারী সুলতান রাজিয়া।

ঝ. ভাওয়াইয়া কোন অঞ্চলের গান?
উত্তর: ভাওয়াইয়া রংপুর অঞ্চলের গান।

ঞ. মুজিবনগরের পূর্বনাম কী ছিল?
উত্তর: মুজিবনগরের পূর্বনাম বৈদ্যনাথতলা।

ট. চরমপত্র কোথা থেকে প্রচারিত হয়?
উত্তর: স্বাধীন বাংলা বেতার কেন্দ্র থেকে চরমপত্র প্রচারিত হয়।

ঠ. ছয়দফা কর্মসূচি কত খ্রিস্টাব্দে উত্থাপিত হয়?
উত্তর: ছয়দফা কর্মসূচি ১৯৬৬ খ্রিস্টাব্দে উত্থাপিত হয়।

অনার্স প্রথম বর্ষ -২০২২
বাংলাদেশ এবং বাঙালির ইতিহাস সাংস্কৃতি

ক. ঐতিহাসিকদের মতে, 'বাংলা' শব্দের উৎপত্তি হয় কীভাবে?
উত্তর: ঐতিহাসিকদের মতে, 'বঙ্গাল' শব্দ থেকে বাংলা শব্দের উৎপত্তি হয়েছে।

খ. রাঢ় বলতে কোন অঞ্চলকে বুঝায়?
উত্তর: রাঢ় বলতে ভাগীরথী নদীর পশ্চিম তীরকে বুঝায়।

গ. ইবনে বতুতা কোন শাসকের আমলে বাংলায় আগমন করেন?
উত্তর: ইবনে বতুতা ফখরুদ্দিন মোবারক শাহের আমলে বাংলায় আগমন করেন।

ঘ. 'আইন ই আকবরি' গ্রন্থের রচয়িতার নাম লেখ।
উত্তর: 'আইন ই আকবরি' গ্রন্থের রচয়িতার নাম আবুল ফজল।

ঙ. সোমপুর বিহার কে প্রতিষ্ঠা করেন?
উত্তর: সোমপুর বিহার প্রতিষ্ঠা করেন রাজা ধর্মপাল।

চ. পানিপথের প্রথম যুদ্ধ কাদের মধ্যে সংঘটিত হয়?
উত্তর: পানিপথের প্রথম যুদ্ধ ইব্রাহিম লোদি ও বাবরের মধ্যে সংঘটিত হয়।
ছ. সতীদাহ প্রথা বিলোপ করেন কে?
উত্তর: সতীদাহ প্রথা বিলোপ করেন লর্ড বেন্টিঙ্ক।

জ. ১৯৫২ সালের ২১ ফেব্রুয়ারি ঢাকায় ১৪৪ ধারা জারি করেন কে?
উত্তর: ১৯৫২ সালের ২১ ফেব্রুয়ারি ঢাকায় ১৪৪ ধারা জারি করেন নুরুল আমিন।

ঝ. ব্রাহ্ম সমাজের প্রতিষ্ঠাতা কে?
উত্তর: ব্রাহ্ম সমাজের প্রতিষ্ঠাতা রাজা রামমোহন রায়।

ঞ. 'শিখা' গোষ্ঠীর স্লোগান কী ছিল?
উত্তর: 'শিখা' গোষ্ঠীর স্লোগান ছিল “জ্ঞান যেখানে সীমাবদ্ধ, বুদ্ধি সেখানে আড়ষ্ট, মুক্তি সেখানে অসম্ভব।”

ট. মুজিবনগর সরকার কত তারিখে শপথ গ্রহণ করে?
উত্তর: মুজিবনগর সরকার ১৯৭১ সালের ১৭ এপ্রিল মেহেরপুর জেলার বৈদ্যনাথতলায় (বর্তমান মুজিবনগর) শপথ গ্রহণ করে।

ঠ. স্বাধীন বাংলাদেশের পতাকা প্রথম কত তারিখে এবং কোথায় উত্তোলন করা হয়?
উত্তর: স্বাধীন বাংলাদেশের পতাকা ২ মার্চ ১৯৭১ সালে ঢাকা বিশ্ববিদ্যালয়ের কলা ভবনের সামনে বটতলায় প্রথম উত্তোলন করা হয়।

অনার্স প্রথম বর্ষ -২০২৩
বাংলাদেশ এবং বাঙালির ইতিহাস সাংস্কৃতি

ক. সর্বপ্রথম দেশবাচক 'বাংলা' শব্দের ব্যবহার কোথায় হয়?
উত্তর: আবুল ফজলের 'আইন ই আকবরি' গ্রন্থে সর্বপ্রথম দেশবাচক 'বাঙ্গালা' নামটি পাওয়া যায়।

খ. প্রাচীনকালে 'হরিকেল' বলতে কোন অঞ্চলকে বোঝানো হতো?
উত্তর: প্রাচীনকালে বৃহত্তর সিলেট, চট্টগ্রাম ও পার্বত্য চট্টগ্রাম অঞ্চলের নাম ছিল হরিকেল।

গ. বাঙালির আদি নৃ-গোষ্ঠীর নাম কী?
উত্তর: বাঙালির আদি নৃ-গোষ্ঠীর নাম অস্ট্রিক।

ঘ. বাংলা সনের প্রবর্তক কে?
উত্তর: বাংলা সনের প্রবর্তক সম্রাট আকবর।

ঙ. প্রাচীন যুগের পরিধি কত সাল পর্যন্ত বিস্তৃত?
উত্তর: প্রাচীন যুগের পরিধি ১২০৪ সাল পর্যন্ত বিস্তৃত।

চ. কৌলীন্য প্রথা কে চালু করেছিলেন?
উত্তর: কৌলীন্য প্রথা চালু বা প্রবর্তন করেন রাজা বল্লাল সেন।

ছ. হিউয়েন সাং কে ছিলেন?
উত্তর: হিউয়েন সাং ছিলেন একজন চীনা পরিব্রাজক বা পর্যটক।

জ. অবস্তুগত সংস্কৃতির উদাহরণ দাও।
উত্তর: অবস্তুগত সংস্কৃতির উদাহরণ হলো- ভাষা, সাহিত্য, বিজ্ঞান, আইন, ধর্ম ইত্যাদি।

ঝ. ময়নামতি বিহার কোথায় অবস্থিত?
উত্তর: ময়নামতি বিহার কুমিল্লা জেলার ময়নামতিতে লালমাই পাহাড়ে অবস্থিত।

ঞ. ভাটিয়ালি গান কোন অঞ্চলের?
উত্তর: ভাটিয়ালি ময়মনসিংহ অঞ্চলের গান।

ট. বাংলাদেশে নৃত্যের ব্যাপক পরিচিতি আনেন কে?
উত্তর: বাংলাদেশে নৃত্যের ব্যাপক পরিচিতি আনেন বুলবুল চৌধুরী।

ঠ. ছিয়াত্তরের মন্বন্তর হয়েছিল বাংলা কত সালে?
উত্তর: বাংলা ১১৭৬ সালে ছিয়াত্তরের মন্বন্তর হয়েছিল (ইংরেজি ১৭৭০ সাল)।